কালের কণ্ঠ

তারিখ ... 21 JUN 2016 ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৬ ......

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ইসলামিক স্টাডিজের অ্যালামনাই সম্মেলন ২৭ আগস্ট

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের প্রথম অ্যালামনাই সম্মেলন আগামী ২৭ আগস্ট অনুষ্ঠিত হবে। গতকাল সোমবার সংবাদ সম্মেলন করে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, সম্মেলনে অংশগ্রহণের জন্য সাবেক শিক্ষার্থীদের এক হাজার ৫০০ টাকা, আজীবন সদস্যদের ছয় হাজার টাকা এবং বর্তমান শিক্ষার্থীদের ৮০০ টাকা ফি দিয়ে নিবন্ধন করতে হবে। বিভাগের অফিস ও ওয়েবসাইটে (www.ru.ac.bd/isd) নিবন্ধনের ফরম পাওয়া যাবে। ২৩ মে থেকে শুরু হওয়া এ নিবন্ধন কার্যক্রম চলবে ৩১ জুলাই পর্যন্ত।